



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ।

ফোন-০২-২২৩৩৮৮৯৯৯;
ই-মেইল : dgmpdp@krishibank.org.bd

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫-রুমাবি-৩২৭/২০২১-২২/

১৮৮৬/১২৫০

তারিখঃ ২৪/০৩/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কীম সংক্রান্ত বিদ্যমান নীতিমালা (পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০১/২০২২, তারিখঃ ০৯/০১/২০২২ এর কতিপয় অনুচ্ছেদ পরিবর্তন/সংশোধন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র ব্যাংক কর্তৃক জারিকৃত পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কীম সংক্রান্ত নীতিমালা পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০১/২০২২, তারিখঃ ০৯/০১/২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সীমিত আয়ের চাকুরীজীবীদের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে তাদের সাময়িক আর্থিক সংকট নিরসন করা, দেশের আর্থ সামাজিক উন্নয়নে অবদান রাখার নিমিত্ত বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কীম সংক্রান্ত পূর্ণাঙ্গ নীতিমালা জারি করা হয়েছে এবং ইতোপূর্বে জারিকৃত এ সংক্রান্ত নীতিমালাসমূহ রহিত করা হয়েছে। নতুন নীতিমালায় সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, সরকারি এমপিওভুক্ত স্কুল ও কলেজের স্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণের পাশাপাশি অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণও ঋণ প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবেন। মাঠ কার্যালয়সমূহ হতে প্রাপ্ত সুপারিশের প্রেক্ষিতে বিগত ২১/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত ব্যাংক পরিচালনা পর্ষদের ৮০২তম সভায় পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কীম সংক্রান্ত নীতিমালার অন্যান্য অনুচ্ছেদ অপরিবর্তিত রেখে অনুচ্ছেদ নং-০২, ০৮, ১০ এবং ১২ নিম্নবর্ণিতভাবে প্রতিস্থাপনের প্রস্তাব অনুমোদিত হয়েছেঃ


অনুচ্ছেদ নং	বিষয়	বিদ্যমান নীতিমালা	পর্যদ কর্তৃক অনুমোদিত নীতিমালা
০২	ঋণ প্রাপ্তির যোগ্যতা	খ) অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রযোজ্যঃ উপ অনুচ্ছেদ নং-(১)ঃ অত্র ব্যাংকের স্থায়ী কর্মকর্তা/ কর্মচারীদের ক্ষেত্রে যাদের চাকুরীর মেয়াদ অন্তত ২ (দুই) বছর পূর্ণ হয়েছে তারা উক্ত ঋণ গ্রহণের যোগ্য বলে বিবেচিত হবেন এবং ঋণের জন্য আবেদন করতে পারবেন। তবে চাকুরীর মেয়াদকাল কমপক্ষে পিআরএলসহ ৫ (পাঁচ) বছর থাকতে হবে।	খ) অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রযোজ্যঃ উপ অনুচ্ছেদ নং-(১)ঃ অত্র ব্যাংকের স্থায়ী কর্মকর্তা/ কর্মচারীদের ক্ষেত্রে যাদের চাকুরীর মেয়াদ অন্তত ২ (দুই) বছর পূর্ণ হয়েছে তারা উক্ত ঋণ গ্রহণের যোগ্য বলে বিবেচিত হবেন এবং ঋণের জন্য আবেদন করতে পারবেন। তবে চাকুরীর মেয়াদকাল কমপক্ষে পিআরএলসহ ৩ (তিন) বছর থাকতে হবে, এক্ষেত্রে পরিপত্রের উপঅনুচ্ছেদ-১৩(ঘ) যথাযথভাবে পরিপালন নিশ্চিত করতে হবে।
০৮	জামিনদাতা	খ) অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রেঃ উপ অনুচ্ছেদ নং-(১)ঃ ঋণ গ্রহীতা স্বামীর ক্ষেত্রে স্ত্রী, স্ত্রীর ক্ষেত্রে স্বামীর (Spouse guarantee) জামিননামা গ্রহণ করতে হবে।	খ) অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রেঃ উপ অনুচ্ছেদ নং-(১)ঃ ঋণ গ্রহীতা স্বামীর ক্ষেত্রে স্ত্রী, স্ত্রীর ক্ষেত্রে স্বামীর (Spouse guarantee) জামিননামা গ্রহণ করতে হবে। তবে অবিবাহিত/অবিবাহিতা, বিধবা/বিপত্নীক ও তালাকপ্রাপ্তদের ক্ষেত্রে পরিবারের অন্য যেকোন প্রাপ্তবয়স্ক সদস্য যেমন পিতামাতা, ভাইবোন বা সন্তানসন্ততির নিকট হতে জামিননামা গ্রহণ করতে হবে।

বিষয় : পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কীম সংক্রান্ত বিদ্যমান নীতিমালা (পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০১/২০২২, তারিখঃ ০৯/০১/২০২২ এর কতিপয় অনুচ্ছেদ পরিবর্তন/স্পষ্টিকরণ প্রসঙ্গে।

অনুচ্ছেদ নং	বিষয়	বিদ্যমান নীতিমালা	পর্যদ কর্তৃক অনুমোদিত নীতিমালা
১০	ঋণ মঞ্জুরীর ক্ষমতা	খ) অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রেঃ উপ অনুচ্ছেদ নং-(২)ঃ বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ বিভাগীয় কার্যালয় ও বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী এবং তার আওতাধীন অঞ্চলসমূহের মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকদের সর্বোচ্চ সীমা পর্যন্ত ঋণ মঞ্জুর করতে পারবেন।	খ) অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রেঃ উপ অনুচ্ছেদ নং-(২)ঃ বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় ও কর্পোরেট শাখার সকল কর্মকর্তা/কর্মচারী এবং তার আওতাধীন অঞ্চলসমূহের মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকদের হেড নির্বিশেষে প্রাপ্যতা সাপেক্ষে সর্বোচ্চ সীমা পর্যন্ত ঋণ মঞ্জুর করতে পারবেন।
		উপ অনুচ্ছেদ নং-(৩)ঃ প্রধান কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়ের ক্ষেত্রে স্থানীয় মুখ্য কার্যালয়ের মহাব্যবস্থাপক হেড নির্বিশেষে প্রাপ্যতা সাপেক্ষে সর্বোচ্চ সীমা পর্যন্ত ঋণ মঞ্জুর করতে পারবেন।	উপ অনুচ্ছেদ নং-(৩)ঃ প্রধান কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়ের ক্ষেত্রে স্থানীয় মুখ্য কার্যালয়ের মহাব্যবস্থাপক হেড নির্বিশেষে প্রাপ্যতা সাপেক্ষে সর্বোচ্চ সীমা পর্যন্ত ঋণ মঞ্জুর করতে পারবেন। এছাড়া স্টাফ কলেজসহ অত্র ব্যাংকের অন্যান্য দপ্তর/কার্যালয়ের ক্ষেত্রে (কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে) বেতন প্রদানকারী শাখার নিয়ন্ত্রনকারী মহাব্যবস্থাপক হেড নির্বিশেষে প্রাপ্যতা সাপেক্ষে সর্বোচ্চ সীমা পর্যন্ত ঋণ মঞ্জুর করতে পারবেন।
১২	ঋণের বিপরীতে গৃহিত দলিলাদি	উপ অনুচ্ছেদ নং- (৫)ঃ স্বামীর ক্ষেত্রে স্ত্রী, স্ত্রীর ক্ষেত্রে স্বামীর (Spouse guarantee) জামিননামা এবং নিশ্চয়তা প্রদানকারীর জামিননামা। অত্র ব্যাংকের কর্মকর্তা/ কর্মচারীদের ক্ষেত্রে শুধুমাত্র Spouse guarantee জামিননামা গ্রহণ করতে হবে।	উপ অনুচ্ছেদ নং- (৫)ঃ স্বামীর ক্ষেত্রে স্ত্রী, স্ত্রীর ক্ষেত্রে স্বামীর (Spouse guarantee) জামিননামা এবং নিশ্চয়তা প্রদানকারীর জামিননামা। অত্র ব্যাংকের কর্মকর্তা/ কর্মচারীদের ক্ষেত্রে শুধুমাত্র Spouse guarantee জামিননামা গ্রহণ করতে হবে। তবে অবিবাহিত/অবিবাহিতা, বিধবা/বিপত্নীক ও তালাকপ্রাপ্তদের ক্ষেত্রে পরিবারের অন্য যেকোন প্রাপ্তবয়স্ক সদস্য যেমন পিতামাতা, ভাইবোন বা সন্তানসন্ততির নিকট হতে জামিননামা গ্রহণ করতে হবে।

০৩। এমতাবস্থায়, বর্ণিত পরিপত্রের সংশ্লিষ্ট অনুচ্ছেদসমূহে পর্যদ কর্তৃক অনুমোদিত উপরোক্ত সিদ্ধান্ত/নীতিমালাসমূহ প্রতিস্থাপিত/সংযোজিত হবে। ইতোপূর্বে জারিকৃত পরিপত্রের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনার বিশ্বস্ত



(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোন-০২-২২৩৩৮৮৯৪৯

বিষয় : পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কীম সংক্রান্ত বিদ্যমান নীতিমালা (পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০১/২০২২, তারিখঃ ০৯/০১/২০২২ এর কতিপয় অনুচ্ছেদ পরিবর্তন/স্পষ্টিকরণ প্রসঙ্গে।

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫-রুমাবি-৩২৭/২০২১-২২/ ৩৮৮৩(১২৫০)

তারিখঃ ২৪/০৩/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

Rhossin
28/06/2022

(মুহাম্মদ মোশাররফ হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক